

Translation Practice Sheet-12

(Based on Note 1 & 10)

1. ১৯৭১ সালে বাঙালির ওপর পাকিস্তানি বাহিনীর পরিচালিত হত্যাজঙ্কে গণহত্যা হিসেবে স্বীকৃতি দিয়েছে যুক্তরাষ্ট্রভিত্তিক প্রতিষ্ঠান লেমকিন ইনস্টিটিউট ফর জেনোসাইড প্রিভেনশন। (follow- note-9)
2. একই সঙ্গে এই হত্যাজঙ্কে গণহত্যা হিসেবে স্বীকৃতি দিতে আন্তর্জাতিক সম্প্রদায়ের প্রতি আহ্বান জানিয়েছে প্রতিষ্ঠানটি। (follow- note-4/9)
3. গুরুত্বপূর্ণ কয়েকটি সংশোধনী প্রস্তাব থাকলেও শেষ পর্যন্ত বড় ধরনের কোনো পরিবর্তন ছাড়াই প্রধান নির্বাচন কমিশনার (সিইসি) ও অন্যান্য নির্বাচন কমিশনার নিয়োগ বিল ২০২২ জাতীয় সংসদে পাস হয়েছে। (follow- note-1/9)
4. রাখাইনের রোহিঙ্গাদের ফেরার বিষয়টি সেখানকার পরিস্থিতির ওপর পুরোটাই নির্ভর করে। গত চার বছরেও সেখানকার পরিস্থিতি কোনো উন্নতি হয়নি বলে জানা যায়।
5. বাংলাদেশি ব্যবসায়ীদের জন্য বিদেশে বিনিয়োগের সুযোগ উন্মুক্ত করেছে সরকার।
6. পাকিস্তানে ক্ষমতার ত্রিজে নতুন তারকা হিসেবে নাটকীয়ভাবে মনোযোগ কেড়েছেন জাহাঙ্গীর খান তারিন। (follow- note-9) *নাটকীয়ভাবে মনোযোগ=নাটকীয় মনোযোগ
7. এখনো তিনি বোলিংয়ের জন্য দৌড়াতে শুরু করেননি, কিন্তু ব্যাটিংয়ে থাকা ইমরান খানের দল পাকিস্তান তেহরিক-ই-ইনসাফ বা পিটিআই খানিক আত্মবিশ্বাসের সংকটে পড়ে গেছে। (follow- note-1/2)
8. গ্যালারিতেও তুমুল উত্তেজনা চলছে। সবার ধারণা, ১৯৫৩ সালে আজকের বাংলাদেশের কুমিল্লায় জন্ম নেওয়া তারিনের বলে উইকেট ফেলার মতো গতি আছে।
9. সম্প্রতি তিনি ইঙ্গিত দিয়েছেন ইমরান সরকারের বিরুদ্ধে জাতীয় পরিষদে আস্থা ভোট আনা হলে, জাতীয় পরিষদে তাঁর অনুসারী শাসক দলের সদস্যরা তাতে সমর্থন দিতে পারেন। (follow- note 1, অর্থ্যাৎ 'ইমরান সরকারের...' বাক্যাংশটুকু জটিল বাক্যে রূপান্তর করে নিতে পারে)
10. অনুমান করা হচ্ছে, তারিনের সঙ্গে আছেন প্রায় ২০ পরিষদ সদস্য। অনাস্থা ভোটে সরকারকে গদিচ্যুত করতে তার চেয়ে কিছু কম ভোট হলেও চলে। (follow- note 1, অর্থ্যাৎ আমি দুটি বাক্যই গঠন পরিবর্তন করে অনুবাদ করেছি)

Sample Solution (নমুনা সমাধান)

- 1. The Lemkin Institute for Genocide Prevention, a US-based organization, recognized the massacre/ bloodshed/ carnage of Bengalis by Pakistani forces in 1971 as genocide.**
- 2. At the same time, the organization called on/ urged the international community to recognize the massacre as genocide.**
- 3. Despite some important amendment proposals, the appointment of Chief Election Commissioner (CEC) and other Election Commissioners Bill 2022 has been passed in the National Assembly without any major changes at last.**
- 4. The issue of returning Rohingya to Rakhine entirely depends on the situation there. It is known that the situation there has not improved in the last four years.**
- 5. The government has opened up opportunities for Bangladeshi businessmen to invest abroad.**
- 6. Jahangir Khan Tarin has attracted dramatic attention as a new star in the crease of power in Pakistan.**
- 7. He has not started running for bowling yet, but Imran Khan's batting team Pakistan Tehreek-e-Insaf (PTI) has fallen into/in a crisis of confidence. (ব, PTI is in a crisis of confidence.)**
- 8. There is a lot of excitement in the gallery too. Everyone **thinks that Tarin, born/who was born in 1953 in Comilla, present day Bangladesh, has the speed to take a wicket.** (follow- note-1/6/10) *তারিনের বলে= তারিনের**
- 9. He has recently hinted/indicated that if a vote of confidence is brought in the National Assembly against the government of Imran, the members of the ruling party following him in the National Assembly may support it.**
- 10. It is estimated that Tarin is accompanied by about 20 council members. A no-confidence vote is enough to oust/eject the government.**